

যবিপ্রবি ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা

বিতর্কিত কর্মকাণ্ড

যবিপ্রবি প্রতিনিধি

০২ জুলাই ২০২৪, ১২:০০ এএম



বিতর্কিত কর্মকাণ্ডের পর যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের কমিটি বিলুপ্ত ঘোষণা করেছে বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদ। বিলুপ্ত কমিটির সভাপতি ছিলেন মো. সোহেল রানা ও সাধারণ সম্পাদক ছিলেন তানভীর ফয়সাল। ৩০ জুন ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কেন্দ্রীয় নির্বাহী সংসদের জরুরি সিদ্ধান্ত মোতাবেক যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার কমিটি বিলুপ্ত ঘোষণা করা হলো। একইসঙ্গে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে ছাত্রসমাজ ও তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধ করতে বাংলাদেশ ছাত্রলীগ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধিতে নতুন কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ

করেছে ছাত্রলীগ। উক্ত কমিটিতে পদপ্রত্যাশীদের আগামী ১ জুলাই থেকে ৭ জুলাইয়ের মধ্যে (প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা) বাংলাদেশ ছাত্রলীগের দপ্তর সেলে জীবনবৃত্তান্ত জমা দিতে নির্দেশ প্রদান করা হলো।

২০২২ সালের ৩১ জুলাই তৎকালীন কেন্দ্রীয় নির্বাহী সংসদ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) সোহেল রানাকে সভাপতি ও তানভীর ফয়সালকে সাধারণ সম্পাদক করে এক বছরের জন্য ছাত্রলীগের ১১ সদস্যের আংশিক কমিটি ঘোষণা করে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের এক নেতা বলেন, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাম্প্রতিক কর্মকাণ্ডে কেন্দ্রীয় কমিটি বিরত হয়ে এই কমিটি বিলুপ্তির ঘোষণা দিয়েছে। বিলুপ্ত কমিটির ১১ নেতার মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ আটজনেরই ছাত্রত্ব নেই। তিনজন লেখাপড়া শেষে চাকরিতে যোগ দিয়েছেন। এই কমিটির বিরুদ্ধে ছিল নানা অভিযোগ।